জীবননগরে জেলা বিএনপির সভাপতির বাড়িতে পূজা পুনর্মিলনী ও মতবিনিময় সভা

ধর্ম যার যার রাষ্ট্র সবার। এই শ্লোগানকে সামনে রেখে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি কেন্দ্রীয় কমিটির উপ-কোষাধ্যক্ষ,জেলা বিএনপি ও বিজিএমইএ’র সভাপতি মাহমুদ হাসান খান বাবু’র উদ্যোগে চুয়াডাঙ্গা-২ আসনের জীবননগর,দামুড়হুদা,চুয়াডাঙ্গা সদর উপজেলা,দর্শনা থানা সহ তিতুদহ-বেগমপুর-গড়াইটুপি ইউনিয়নের সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায়ের সাথে শারদীয় দুর্গা উৎসব শেষে পূজা পূর্ণমিলনী ও মতবিনিময় সভা করেন।

শুক্রবার সকাল ১১ টার সময় চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সভাপতি মাহমুদ হাসান খান বাবু’র আন্দুলবাড়ীয়াস্থ নিজ বাসভবনে এ সভার আয়োজন করা হয়। চুয়াডাঙ্গা জেলার হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদে বাবু জয়ন্ত কুমার সিংহ রায়ের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি ও বিজিএমইএ’র সভাপতি মাহমুদ হাসান খান বাবু। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মাহমুদ মিল্টন,জীবননগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সীমান্ত ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শাহজাহান আলী। উক্ত অনুষ্ঠান শেষে চুয়াডাঙ্গা -২ আসনের মধ্যে ৫৬ টি পূজা মন্ডপে আর্থিক অনুদান প্রদান করেন

উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন,জেলা হিন্দু,বৌদ্ধ,খ্রিস্টান ফান্ডের সভাপতি উৎপল বিশ্বাস,জেলা পূজা উদযাপন কমিটির সাধারণ সম্পাদক উত্তম দেবনাথ,বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের চুয়াডাঙ্গা সদর উপজেলা কমিটির সাধারণ সম্পাদক বাবু হেমন্ত কুমার সিংহ রায়,বাবু সুরেশ কুমার আগরওয়ালা,যাদব কুমার প্রামানিক,স্বপন চক্রবর্তী। এ সময় উপস্থিত ছিলেন জেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের নেতা পলাশ কুমার সাহা,জীবননগর উপজেলা কমিটির বাবু রমেন কুমার বিশ্বাস,জীবননগর উপজেলা পূজা উৎযাপন কমিটির সভাপতি সুশান্ত সাহা,সাবেক সভাপতি বিজয় কুমার হালদার,দর্শনা পৌর থানা পূজা উদযাপন কমিটির সভাপতি বাবু স্বরূপ কুমার দাস,গীতা পাঠ করেন পুরোহিত স্বপন চক্রবর্তী।

অনুষ্ঠানে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, আগামিতে বিএনপি রাষ্ট্র ক্ষমতায় গেলে দলমত নির্বিশেষে সকলকে সাথে নিয়ে এলাকায় উন্নয়ন মূলক কাজ করবো।

কোন জাতি গোষ্ঠী নয় সমাজে আমরা একে অপরের হয়ে থাকবো।

মুসলিমরা যেমন ঈদগায় যেয়ে নামাজ পড়ে সেখানে কোন পাহারাদার দিতে হয় না। তা হলে পুজা হলে কেন মন্দির পাহারা দিতে হবে।এগুলো আমাদের সচেতনতার অভাব এগুলো সব ঠিক হয়ে যাবে তার জন্য আমাদের সকলকে ভালো মনের মানুষ হতে হবে।

উক্ত অনুষ্ঠানটি যৌথভাবে পরিচালনা করেন চুয়াডাঙ্গা উপজেলা হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক বাবু হেমন্ত কুমার সিংহ রায় ও বাবু নারা ।

গাংনীতে কৃষক-শ্রমিকের অধিকার নিয়ে এনসিপির মতবিনিময় সভা

মেহেরপুরের গাংনীতে কৃষক-শ্রমিকের অধিকার নিয়ে এনসিপির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকালে কৃষক-শ্রমিকের অধিকার নিয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল পদমর্যাদার স্পেশাল পাবলিক প্রসিকিউটর ও এনসিপির যুগ্ম মুখ্য সমন্বয়ক অ্যাডভোকেট সাকিল আহমাদ।

এসময় তিনি বলেন, নতুন বাংলাদেশে নতুন সংবিধানের মাধ্যমে কৃষক-শ্রমিকের হিস্যা নিশ্চিত করতে হবে।

এ সময় কৃষকরা সারের অপ্রতুলতা, সরকারি বীজ ও প্রণোদনা না পাওয়া, কৃষিতে সিন্ডিকেটসহ নানা সমস্যার কথা তুলে ধরেন।

অ্যাডভোকেট সাকিল আহমাদ দ্রুত সময়ের মধ্যে এসব সমস্যার সমাধানের আশ্বাস দেন।

তিনি কৃষক-শ্রমিকের ন্যায্য অধিকার, সামাজিক ন্যায়বিচার এবং প্রান্তিক জনগণের কল্যাণ নিশ্চিত করতে ঐক্যবদ্ধ ভূমিকার ওপর জোর দেন। সভায় উপস্থিত নেতৃবৃন্দ, কৃষি ও শ্রমিক সমাজের স্বার্থে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

আমীর হামজার পরিচালনায় মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন জাতীয় যুবশক্তির কেন্দ্রীয় সংগঠক সাজিদুর রহমান, মো. মুজাহিদুল ইসলাম, গাংনী উপজেলার যুগ্ম সমন্বয়কারী সবুজ রানাসহ আরো অনেকেই।

যত বাধাই আসুক ড.ইউনুসের নেতৃত্বে ফেব্রুয়ারীতেই নির্বাচন হবে

প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনুসের নেতৃত্বেই আগামী ফেব্রুয়ারী মাসে নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনকে সামনে রেখে যত বাধাই আসুক তা প্রতিহত করে ভোট কেন্দ্রে ভাট দিতে যাবে জনগন এটাই সামাজিক দায়বদ্ধতা।

বুধবার (০১ আক্টোবর) দুপুরে ঝিনাইদহ ডায়াবেটিস সমিতি আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে অ্যাটর্নি জেনারেল মোঃ আসাদুজ্জামান এসব কথা বলেন।

তিনি আরো বলেন, সাংবিধানিকভাবে সরকার পরিবর্তনের সকল পথ যখন পথ রুদ্ধ হয়ে গিয়েছিল তখন জুলাই বিপ্লবের শহীদরা তাদের জীবন দিয়ে ফ্যাসিস্ট শেখ হাসিনাকে দেশ ছেড়ে পালিয়ে যেতে বাধ্য করেছে। ছাত্র জনতার এই বিজয় দেশে গণতান্ত্রিক উত্তোরণের পথ উন্মুক্ত করেছে। এই আন্দেলনের ফলে পরিবর্তিত পরিস্থিতিই বর্তমান সরকারের বৈধতা দিয়েছে। সংকট কালিন সময়ে সংবিধানের নীতি মেনে চলেনা , দেশ কিভাবে চলবে, কে পরিচালনা করবেন তা সবকিছু রাস্তা থেকে নির্ধারণ করা হয়, তখন আন্দোলনকারীরাই ঠিক করে এসব আর এটাই সাংবিধানিক নিয়ম, তিনি বলেন ১৯৭১ সালে আমাদের মহান মুক্তিযুদ্ধ হয়েছে, তারপর সরকার গঠন হয়েছে, তখন কি দেশে সংবিধান ছিল? তাহলে তখন সকার গঠন হয়েছে

কিভাবে সবকিছু তখন দায়িত্ব বন্টনের মাধ্যমে হয়েছে। পরে ১৯৭২ সালে পাকিস্তানের সংবিধানের সহায়তায় বাংলাদেশে সংবিধান রচিত হয়েছে। আমরা ১৯৭১ এবং ২০২৪ সাল কোনটাইকেই ছোট করে দেখবো না তবে দেশ রক্ষার নামে যারা এতদিন খুন গণহত্যা গুম করেছে তাদের কে আইনের আওতায় এনে দ্রæত বিচারের মুখোমুখি করতেই হবে। পি আর পদ্ধতি সম্পর্কে তিনি বলেন আগামীতে কিভাবে নির্বাচন হবে তা রাজনৈতিক নেতৃবৃন্দ এবং জনগণই নির্ধারন করবে।

এসময় বিশেষ অতিথি হিসেবে ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি অ্যাড. এমএ মজিদ, ঝিনাইদহ ডায়াবেটিস সমিতির সহ সভাপতি জাহিদুজ্জামান মনা, মো: আক্তারুজ্জামান, মো: জাহিদুল ইসলাম এবং মোঃ মনোয়ার হোসেন প্রমূখ উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় ডায়াবেটিস সমিতির সভাপতি মোঃ মোয়াজ্জেম হোসেন সভাপতিত্ব করেণ এবং সঞ্চালনায় ছিলেন ডায়াবেটিস সমিতির সাধারণ সম্পাদক এ্যড. কামাল আজাদ পান্নু।

আসন্ন দুর্গাপূজা নির্বিঘ্নে উদযাপনে মেহেরপুর জেলা বিএনপির মতবিনিময় সভা

আসন্ন শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ ও নির্বিঘ্নে পালনে সর্বোচ্চ সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে মেহেরপুর জেলা বিএনপি। দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনা বাস্তবায়নে এ উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৪ সেপ্টেম্বর) বিকেল ৫টায় মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ে এ সভার আয়োজন করা হয়। মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলামের সঞ্চালনায় সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আনছারুল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

সভায় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, আবু সালেহ নাসিম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা।

এছাড়াও এ মতবিনিময় সভায় পূজা উদযাপন পরিষদসহ সনাতন ধর্মাবলম্বী বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ সভায় অংশ নেন। তাদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ মেহেরপুরের আহ্বায়ক সঞ্জীত পাল বাপ্পি, বাংলাদেশ হিন্দু-খ্রিস্টান ঐক্য পরিষদের জেলা আহ্বায়ক মাধব চন্দ্র ভাস্কর এবং পৌর পূজা উদযাপন পরিষদের সভাপতি বিশ্বনাথ সাহা। এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ের মন্দির কমিটির নেতারাও মতবিনিময়ে অংশগ্রহণ করেন।

সভায় বক্তারা বলেন, মেহেরপুর জেলায় শারদীয় দুর্গাপূজা নির্বিঘ্নে, শান্তি ও স্বস্তির পরিবেশে পালনে বিএনপির পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা করা হবে। তারা সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা ও পারস্পরিক সৌহার্দ্য বজায় রাখার উপর গুরুত্বারোপ করেন।

পরিশেষে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান ব্যক্তিগত উদ্যোগে ২১ টি পূজা মণ্ডপে অর্থ প্রদানের মধ্যে দিয়ে শুভেচ্ছা জানান।

মুজিবনগরে যত মানুষ, রোপণ হবে তত গাছ

মুজিবনগরের মত একটি জায়গায় আসতে পেরে নিজেকে ধন্য মনে করছি। আমি মেহেরপুরের মুজিবনগরের জন্য প্রথমেই একটি উদ্যোগ নিতে চাই। সেটা হলো মুজিবনগর উপজেলায় যত জনবল রয়েছে, তাদের মাথাপিছু একটি করে গাছ রোপণ করা। তখন আমরা বলতে পারবো মুজিবনগরে যত মানুষ রয়েছে, তার অনুযায়ী গাছ রয়েছে।

আজ বুধবার দুপুরে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে রাজনৈতিক

নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি, শিক্ষক, সাংবাদিক, মুক্তিযোদ্ধা ও সুধীজনদের সাথে মতবিনিময় কালে প্রধান অতিথির বক্তব্যে এসকল কথা বলেন নবাগত মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল সালাম।

তিনি আরো বলেন, মুজিবনগরের প্রতিটি মানুষ যাতে নিজের স্বাক্ষর করতে পারে, সে লক্ষ্যে আমরা কাজ করবো। যে কোন ধরনের সেবা নিতে গেলে যারা স্বাক্ষর জানে না তাদের স্বাক্ষর শেখিয়ে তারপর সেবা দেওয়ার বিষয়ে নিশ্চিত করবো। এছাড়া স্বাস্থ্য বিষয়ে তিনি বলেন, যে গর্ভবতী মা সিজার অপারেশন এড়িয়ে নরমাল ডেলিভারিতে সন্তান প্রসব করবে, আমাদের কাছে খবর আসা মাত্র প্রশাসন থেকে তাকে পুরস্কৃত করা হবে।

তিনি বলেন, আপনারা মুজিবনগরের বিভিন্ন সমস্যা সমাধানের বিষয়ে যে সকল মতামত দিয়েছেন, সেগুলো সমাধানসহ উন্নয়নের জন্য যাবতীয় কাজ করতে আমি উদ্যোগ গ্রহণ করবো।

এ জন্য আপনাদের সকলকে যার যার স্থান থেকে আমাদের সহযোগিতা করতে হবে। কারণ সবার সম্মিলিত প্রচেষ্টায় সব কিছুর উন্নয়ন সম্ভব।

মতবিনিময় সভার আগে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডলের সভাপতিত্বে মুজিবনগরের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনার কথা তুলে ধরে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামের আমীর তাজ উদ্দিন খান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জনপ্রতিনিধি আব্দুর রশিদ, নাগরিক পার্টির জেলা যুগ্ম সমন্বয়ক আরিফ হোসেন, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান, মুজিবনগর উপজেলা ইমাম সমিতির সভাপতি তৌহিদুল ইসলাম, মুজিবনগর ডিগ্রি কলেজের অধ্যক্ষ ইসমাইল হোসেন, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহিরুল ইসলাম ও ভবানীপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিনুর রহমান।

অনুষ্ঠানের শুরুর দিকে একাডেমির সুপারভাইজার হাসনাইন করিমের সঞ্চালনায় মুজিবনগর উপজেলার বিভিন্ন ভিডিওচিত্র প্রদর্শন করেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন।

যারা জুয়া খেলছে তাদেরকেও আটক করা হবে

অনলাইন জুয়ার কারণে সার্বিকভাবে সমাজ ক্ষতিগ্রস্ত হয়, দেশের নাগরিকরাও ক্ষতিগ্রস্ত হন। সারাদিন পরিশ্রম করে অর্থ উপার্জন করেছেন তারা আরও কিছু অর্থনৈতিক উন্নতির আশায় এই জুয়া খেলায় অংশগ্রহণ করলে যা উপার্জন করেছে সেটাও চলে যায়।

বিগত এসপি সাহেবের সময় যারা অনলাইন জুয়ার সাথে জড়িত ছিল তাদের বেশ কিছু হয়তো ১৫০০টিরও অধিক সিম জব্দ করা হয়েছে। যেহেতু এটি অনলাইন ভিত্তিক, সাইটগুলো বন্ধ করলেও আবার চালু করে তারা।

এ ব্যাপারে আমি বিটিআরসির সাথে কথা বলবো, কিংবা যার যার সাথে কথা বলা লাগে আমি বলবো যাতে এই সাইটগুলো ডাউন করা যায় কিনা। যেমনি ভাবে পর্ন সাইটগুলো বন্ধ করা হয়েছে, একই পদ্ধতিতে যদি জুয়ার সাইটগুলো বন্ধ করা যায় আমি সে বিষয়ে দেখবো।

আরেকটি কাজ হলো যারা খেলছে তাদের আটক করা। বিত্তবান জুয়ারীদের আটক করা সম্ভব তাদের আটক করে শাস্তি দেয়ার মাধ্যমে সামাজিক প্রতিবন্ধকতা তৈরি করা যাবে যাতে তারা আর খেলতে না পারে। এই কাজও করা হবে। যারা খেলছে তাদের বিরুদ্ধে ইতোমধ্যেই কাজ শুরু হয়েছে দেখা যাক। শুরু করেছি, এসেছি, যাওয়ার আগে যাতে আপনাদের বলে যেতে পারি কিছু করেছি।

আজ বুধবার সকাল ১১টার দিকে পুলিশ সুপার কার্যালেয়র সম্মেলন কক্ষে মেহেরপুরের সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভায় এসকল কথা বলেন নবাগত পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী।

তিনি আরো বলেন, ২৮ তারিখ থেকে শারদীয় দুর্গা পূজা শুরু হচ্ছে। মেহেরপুরে ৩৯টি পূজা মণ্ডপ আছে। প্রত্যেকটি পূজা মণ্ডপেই রাত্রিকালীন টহল হয়। কাল থেকেই এই টহল আরও জোরদার করা হবে।

প্রত্যেকটি পূজা মণ্ডপ কমিটির সাথে কথা হয়েছে, আমিও জেলা পূজা মণ্ডপগুলো পরিদর্শন করে এসেছি। আমার অফিসাররাও প্রত্যেকদিন যাচ্ছেন।

আমাদের সর্বাত্মক চেষ্টা থাকবে, পূজা যেন সুন্দরভাবে কোনো রকম

বিঘ্ন ছাড়া সম্পন্ন করা যায়। আমাদের পক্ষ থেকে চেষ্টার সর্বোচ্চ প্রদর্শন করা হবে।

অনলাইন তথ্য বিভ্রাটের মাধ্যমে ভুল তথ্য প্রদান করে গুজব ছড়িয়ে যদি কেউ কোনো ধরনের নাশকতা করার চেষ্টা করে, তখনই আমাকে জানাবেন। ভুল তথ্য ছড়িয়ে যাওয়ার আগে যেন আমরা সেখানে গিয়ে হাজির হতে পারি। আমাদের সকলের ঐক্যবদ্ধ শক্তির মাধ্যমে এবারে পূজা সুন্দরভাবে সফলভাবে সম্পন্ন করব।

মতবিনিময় সভায় মেহেরপুরের সমসাময়িক আইনশৃঙ্খলা বিষয়ে আলোচনা করেন জেলায় কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, কালের কণ্ঠের জেলা প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, চ্যানেল ২৪ এর জেলা প্রতিনিধি রাশেদুজ্জামান, সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।

এসময় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) মোঃ জামিনুর রহমান খান, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম, ডিবি ওসি শিমুল কুমার দাস, মেহেরপুর সদর থানার ওসি শেখ মেজবাহ উদ্দিন, গাংনী থানার ওসি মোঃ বানী ইসরাইল প্রমুখ।

সকলের ঐক্যবদ্ধ শক্তির মাধ্যমে এবারের পূজা সুন্দরভাবে সম্পন্ন করব

২৮ তারিখ থেকে শারদীয় দুর্গা পূজা শুরু হচ্ছে। মেহেরপুরে ৩৯টি পূজা মণ্ডপ আছে। প্রত্যেকটি পূজা মণ্ডপেই রাত্রিকালীন টহল হয়। কাল থেকেই এই টহল আরও জোরদার করা হবে।

প্রত্যেকটি পূজা মণ্ডপ কমিটির সাথে কথা হয়েছে, আমিও জেলা পূজা

মণ্ডপগুলো পরিদর্শন করে এসেছি। আমার অফিসাররাও প্রত্যেকদিন যাচ্ছেন।

আমাদের সর্বাত্মক চেষ্টা থাকবে, পূজা যেন সুন্দরভাবে কোনো রকম বিঘ্ন ছাড়া সম্পন্ন করা যায়। আমাদের পক্ষ থেকে চেষ্টার সর্বোচ্চ প্রদর্শন করা হবে।

অনলাইন তথ্য বিভ্রাটের মাধ্যমে ভুল তথ্য প্রদান করে গুজব ছড়িয়ে যদি কেউ কোনো ধরনের নাশকতা করার চেষ্টা করে, তখনই আমাকে জানাবেন। ভুল তথ্য ছড়িয়ে যাওয়ার আগে যেন আমরা সেখানে গিয়ে হাজির হতে পারি। আমাদের সকলের ঐক্যবদ্ধ শক্তির মাধ্যমে এবারে পূজা সুন্দরভাবে সফলভাবে সম্পন্ন করব।

আজ বুধবার সকাল ১১টার দিকে পুলিশ সুপার কার্যালেয়র সম্মেলন কক্ষে মেহেরপুরের সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভায় এসকল কথা বলেন নবাগত পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী।

তিনি আরো বলেন, অনলাইন জুয়ার কারণে সার্বিকভাবে সমাজ ক্ষতিগ্রস্ত হয়, দেশের নাগরিকরাও ক্ষতিগ্রস্ত হন। সারাদিন পরিশ্রম করে অর্থ উপার্জন করেছেন তারা আরও কিছু অর্থনৈতিক উন্নতির আশায় এই জুয়া খেলায় অংশগ্রহণ করলে যা উপার্জন করেছে সেটাও চলে যায়।

বিগত এসপি সাহেবের সময় যারা অনলাইন জুয়ার সাথে জড়িত ছিল তাদের বেশ কিছু হয়তো ১৫০০টিরও অধিক সিম জব্দ করা হয়েছে। যেহেতু এটি অনলাইন ভিত্তিক, সাইটগুলো বন্ধ করলেও আবার চালু করে তারা।

এ ব্যাপারে আমি বিটিআরসির সাথে কথা বলবো, কিংবা যার যার সাথে কথা বলা লাগে আমি বলবো যাতে এই সাইটগুলো ডাউন করা যায় কিনা। যেমনি ভাবে পর্ন সাইটগুলো বন্ধ করা হয়েছে, একই পদ্ধতিতে যদি জুয়ার সাইটগুলো বন্ধ করা যায় আমি সে বিষয়ে দেখবো।

আরেকটি কাজ হলো যারা খেলছে তাদের আটক করা। বিত্তবান জুয়ারীদের আটক করা সম্ভব তাদের আটক করে শাস্তি দেয়ার মাধ্যমে সামাজিক প্রতিবন্ধকতা তৈরি করা যাবে যাতে তারা আর খেলতে না পারে। এই কাজও করা হবে। যারা খেলছে তাদের বিরুদ্ধে ইতোমধ্যেই কাজ শুরু হয়েছে দেখা যাক। শুরু করেছি, এসেছি; যাওয়ার আগে আপনাদের জানিয়ে গেলাম।

মতবিনিময় সভায় মেহেরপুরের সমসাময়িক আইনশৃঙ্খলা বিষয়ে আলোচনা

করেন জেলায় কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, কালের কণ্ঠের জেলা প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, চ্যানেল ২৪ এর জেলা প্রতিনিধি রাশেদুজ্জামান, সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।

এসময় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) মোঃ জামিনুর রহমান খান, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম, ডিবি ওসি শিমুল কুমার দাস, মেহেরপুর সদর থানার ওসি শেখ মেজবাহ উদ্দিন, গাংনী থানার ওসি মোঃ বানী ইসরাইল প্রমুখ।

আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র মতবিনিময় সভায় শরিফুজ্জামান শরিফ

আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র দলীয় কার্যালয়ে মতবিনিময় সভায় চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক শরিফুজ্জামান শরীফ। তিনি বলেন, বিএনপি সাধারণ মানুষের ভাগ্য উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে।

আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র উদ্যোগে দলীয় নেতাকর্মীদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১১ টার দিকে উপজেলা বিএনপি’র দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, উপজেলা বিএনপি’র ভারপ্রাপ্ত সভাপতি আকতার হোসেন জোয়ার্দ্দার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক জননেতা শরিফুজ্জামান শরীফ।

ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের সমালোচনা করে বলেন, আওয়ামী লীগ সরকার মামলা-হামলা করে বিএনপিকে নিশ্চিহ্ন করতে চেয়েছিল। কিন্তু

বিএনপি জনগণের দল বলে আজ আবার মাথা উঁচু করে দাঁড়িয়েছে। আগামী দিনে জনগণের ভোটের মাধ্যমে বিএনপি আবার রাষ্ট্রীয় ক্ষমতায় আসবে। সেই ধারাবাহিকতা রেখে বিএনপি’র প্রতিটা কর্মীকে ধানের শীষের বার্তা এলাকার প্রতিটা ঘরে ঘরে পৌঁছে দিতে হবে।

বিশেষ অতিথি ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন, পৌর বিএনপি’র সভাপতি আজিজুর রহমান পিন্টু, সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, বাড়াদী ইউপি চেয়ারম্যান তোবারক হোসেন। উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেনের উপস্থাপনায় বক্তব্য রাখেন, পৌর বিএনপি ও ১৫ টি ইউনিয়ন বিএনপি’র সভাপতি, সাধারণ সম্পাদক ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

ঝিনাইদহে সূর্যের হাঁসি ক্লিনিকে মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে সূর্যের হাঁসি ক্লিনিকে বিশেষ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল দুপুরে হামদহ সূর্যের হাঁসি ক্লিনিকে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসময় স্থানীয় জনপ্রতিনিধি, বিশিষ্ট ব্যক্তিগন উপস্থিত ছিলেন। এসময় অতিথি হিসেবে ঝিনাইদহ সিভিল সার্জন, ডাঃ মোঃ কামরুজ্জামান, ঝিনাইদহ পরিবার পরিকল্পনার উপ-পরিচালক মোহাঃ মোজাম্মেল করিম, অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান,সূর্যের হাঁসির এর প্রধান কার্যালয়ের প্রতিনিধি ক্লিনিক্যাল সার্ভিসেসের জেনারেল ম্যানেজার ডা. নকুল কুমার বিশ্বাস, অপারেশনসের জেনারেল ম্যানেজার, ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ আশরাফুল কাদের (অব.), মার্কেটিং এর ডেপুটি জেনারেল ম্যানেজার গাজী মোহাম্মদ তানভীর মোস্তাফাসহ প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ, ঝিনাইদহ ক্লিনিক ম্যানেজার মোঃ ইমতিয়াজ উদ্দিন ও বিশিষ্ট সমাজ সেবক জাহিদ বিশ^◌াস উপস্থিত

ছিলেন। ‘সূর্যের হাঁসি ক্লিনিক’ সকলের কাছে সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্য সেবার একটি নির্ভরযোগ্য ঠিকানা।

পরিশেষে অতিথিরা মনোরম পরিবেশে পরিচালিত সূর্যের হাঁসি ক্লিনিক পরিদর্শন করেন। সকলেই সূর্যের হাঁসি ক্লিনিক সম্পর্কে ইতিবাচক ধারণা দেন এবং পরবর্তীতে সূর্যের হাঁসি ক্লিনিক-এ সেবা গ্রহণের আশা ব্যক্ত করেন।

কেরুতে উন্নত কৃষি ও আখের ফলন বৃদ্ধি-বিষয়ক মতবিনিময় সভা

দর্শনা কেরুজ টেনিং কমপ্লেক্সে আখের ফলন বৃদ্ধির লক্ষে উন্নত কৃষি তাত্বিক বিষয়ক মত বিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার বেলা ১১ টার দিকে দর্শনা কেরুজ টেনিং কমপ্লেক্সে হল রুমে প্রায ৯ টি গ্রামের আখচাষীদের নিয়ে এ সভা অনুষ্টিত হয়।

এ অনুষ্ঠানে মহাব্যাবস্থাপক কৃষি আশরাফুল আলম ভৃইয়ার সভাপতিত্বে আখচাষীদের নিয়ে এ টেনিং অনুষ্টিত হয়। এ আখচাষী সভায় প্রধান অতিথী হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন দর্শনা কেরুজ চিনিকলের ব্যাবস্থাপনা পরিচালক এফসিএমএ রাব্বিক হাসান।

এ সময় চাষীদের উদ্দেশে তিনি বলেন,“আপনারা আগাম আখচাষ করলে আপনাদের ভুর্তিকি দেওয়া হবে।তাই অল্প জমিতে ভালো বীজ রোপন করলে আপনারা ফলন বেশি পাবেন,।আপনারা এস টিপি বেড তৈরি করে আখ লাগান দেখবেন আপনারা আখের ফলন বেশি পাবেন। তাই আপনারা বেশি বেশি আখ লাগিয়ে চিনি শিল্প টিকে টিকিয়ে রাখুন।আগামী বছর আপনাদের কথা চিন্তা করে আখের মৃল্য বৃদ্ধি করা হবে।”

এ সময় বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন,মহাব্যাবস্থাপক কৃষি দেলোয়ার হোসেন, ডিজিএম কৃষি সম্পাসারন মাহাবুবুর রহমান, এস সিডিএ মাহফুজুল আলম রতন প্রমুখ।